# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763


স্মারক নং-পাউবো(সচি)/অহিনি/পরি(হিঃ)/বিবিধ-২০২০/১০৬ তারিখ ঃ ২২-০৯-২০২০ খ্রিঃ।

## সার্কুলার

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাপাউবো'র বিভিন্ন দপ্তর কর্তৃক সম্পাদিত কাজের বিষয়ে ক্রয়কারী দপ্তরের বিপরীতে উত্থাপিত নিরীক্ষা আপত্তির সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ক্রয়কারী দপ্তর কর্তৃক দাখিলকৃত বিল বিদ্যমান আর্থিক বিধি-বিধানের আলোকে প্রাক-অডিট সমাপনান্তে সংশ্লিষ্ট র‍্যাক দপ্তর কর্তৃক পরিশোধের বিধান থাকা সত্ত্বেও ক্রয়কারী দপ্তরের বিপরীতে উত্থাপিত এধরণের আপত্তির সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি আর্থিক শৃংখলাভঙ্গেরই ইঙ্গিত বহন করে। ফলতঃ সহজেই প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট র‍্যাক দপ্তর এবং ক্রয়কারী কর্তৃপক্ষ তাদের স্ব-স্ব অংশের দায়িত্ব যথাযথভাবে প্রতিপালন করছেন না- যা কোনভাবেই কাম্য নয়। পরিশোধিত বিলের ক্রয় প্রক্রিয়ায় আর্থিক বিধিবিধান লঙ্ঘনের কারণে উত্থাপিত নিরীক্ষা আপত্তির বিষয়ে বিল পরিশোধকারী এবং কাজ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ উভয়েরই দায়ভার এড়ানোর কোন সুযোগ নেই।

এমতাবস্থায় এখন থেকে ক্রয় প্রক্রিয়ায় আর্থিক বিধি-বিধান লঙ্ঘনের মাধ্যমে বিল পরিশোধের কারণে সরকারী অডিট কর্তৃক কোন আপত্তি উত্থাপিত হলে উক্ত নিরীক্ষা আপত্তির সাথে সংশ্লিষ্ট প্রত্যয়ণকারী কর্মকর্তা (ক্রয়কারী) ও বিল পরিশোধকারী কর্মকর্তার কর্মপরিধি বিবেচনায় এককভাবে এবং প্রযোজ্য ক্ষেত্রে উভয়ই সমভাবে দায়ী হবেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২২/৯/২০২০

(মোঃ মুজিবুর রহমান)
সচিব
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-পাউবো(সচি)/অহিনি/পরি(হিঃ)/বিবিধ-২০২০/১০৬ তারিখ ঃ ২২-০৯-২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী/ অতিঃ প্রধান প্রকৌশলী/ প্রধান (সকল) ........................, বাপাউবো, ..............................।
২। নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা/ প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৩।পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ প্রকল্প পরিচালক (সকল) ......................., বাপাউবো, .............................।
৪। সিএস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। উপ-সচিব (সকল) ........................, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী (বিভাগীয় সকল) ..........................., বাপাউবো, .........................।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮। উপ-পরিচালক/ হিসাব রক্ষণ অফিসার, ........... আঞ্চলিক হিসাব কেন্দ্র(সকল), বাপাউবো, .........................।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (..........................)/ সচিব, বাপাউবো, ঢাকা।

২২/০৯/২০২০

(শেখ মাসুদুল হক)
উপ-সচিব (অর্থ), বাপাউবো, ঢাকা।
ফোনঃ ৯৫১৪৩১৯